

দশপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
(www.mopa.gov.bd)

নং-০৫.০০.০০০০.১১০.০০.০৫৯.০৮০.১৩- ২০০৬

তারিখঃ ০৭ আষাঢ়, ১৪২৪ ব.
২১ জুন, ২০১৭ খ্রি.

বিষয়ঃ জাতীয় তথ্য বাতায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর সমূহের চাকরির নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ সংক্রান্ত।


সূত্রঃ ০৩.০৮.০০০০.৮০৫.১১.০০৩.১৭.১৫৮৪, তারিখঃ ০৫/০৬/২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পর্যায় থেকে শুরু করে মন্ত্রণালয় পর্যন্ত প্রায় ২৫০০০ ওয়েবসাইটের সমন্বয়ে গঠিত জাতীয় তথ্য বাতায়ন সরকারি পর্যায়ে পৃথিবীর বৃহৎ তথ্য ও সেবা বাতায়ন যা ২০১৫ সালে জাতিসংঘের বিশেষায়িত সংস্থা আইটিইউ (ITU) কর্তৃক WSIS পুরস্কারে ভূষিত হয়েছে। সকল সরকারি দপ্তরের সহযোগিতায় তৈরি জাতীয় তথ্য বাতায়নে ২২ লক্ষের অধিক কন্টেন্ট, ২১৭ টি ই-সেবা, ১৫৬১ টি ফরমস, ৪০০ টি নাগরিক সেবা প্রোফাইল সংযোজন করা হয়েছে এবং এতে প্রতি মাসে ০৬ (ছয়) কোটি হিট হয়।

২। জাতীয় তথ্য বাতায়নকে অধিকতর তথ্যসমৃদ্ধ জনবাহ্যিক করার লক্ষ্যে নতুন নতুন সেবা এবং প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংযোজন করা হয়েছে। এই বাতায়নকে কেন্দ্র করে একটি তথ্য কেন্দ্র (১০৪) চালু করা হয়েছে, যার মাধ্যমে সকল নাগরিকগণ তথ্য ও সেবা সম্পর্কে বিস্তারিত অবহিত হচ্ছেন এবং স্থানীয় প্রশাসনকেও গুরুত্বপূর্ণ তথ্যাদি সরবরাহ করছেন। এই বাতায়নে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তরসমূহের সকল চাকরির নিয়োগ বিজ্ঞপ্তি সংযোজন করা হলে নিয়োগের বিষয়টি যেমন বহুল প্রচারে সহায়ক হবে তেমনি চাকুরি প্রত্যাশীদের জন্যও এক স্থান হতে বাংলাদেশের সকল সরকারি চাকুরির বিজ্ঞপ্তি প্রাপ্তিতে সুবিধা হবে, যা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অন্যতম সংযোজন বলে বিবেচিত হবে।

৩। এমতাবস্থায়, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তরসমূহের সকল চাকরির নিয়োগ বিজ্ঞপ্তি জাতীয় তথ্য বাতায়নে (www.bangladesh.gov.bd) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। উল্লেখ্য, নিয়োগ বিজ্ঞপ্তি জাতীয় তথ্য বাতায়নে প্রকাশের সুবিধার্থে প্রয়োজনে জনাব মোহাম্মদ আশরাফুল আমিন, ন্যাশনাল কনসালট্যান্ট, এটুআই (মোবাইলঃ ০১৭২০২২১১১১, ই-মেইলঃ ashrafulamin@a2i.pmo.gov.bd) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।



(রিপন চাকমা)


উপসচিব

ফোন-৯৫৪০২১৮

Email: adminint@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব..... মন্ত্রণালয়/বিভাগ
(অধীন দপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৩. রেজিষ্টার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/রেজিষ্টার, বিসিএস (প্রশাসন) একাডেমী, শাহবাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫. মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৭. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৮. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইন্টারন, ঢাকা।
৯. কমিশনার..... বিভাগ (সকল)।
১০. জেলা প্রশাসক জেলা (সকল)।
১১. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১৩. তত্ত্বাবধায়ক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১৪. অফিস কপি/মাটার ফাইল/পার্ড ফাইল।



(রিপন চাকমা)

উপসচিব